

যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত



ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ৩০ জানুয়ারি-২০২০, বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা কমিটির উদ্যোগে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় পূজার আয়োজন করা হয়। এবার পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ (আই.ই.আর, জবি)-সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মোট ৩৬টি পূজামন্ডপে পূজা অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ পূজামন্ডপসমূহ পরিদর্শন করেন।

এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের উদ্যোগে আয়োজিত সরস্বতী পূজায় অন্যান্য বছরের মতো এবারও বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও সরস্বতী পূজা উপলক্ষে



সমাজকর্ম বিভাগের উদ্যোগে দরিদ্র শিশুদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

পূজামন্ডপ পরিদর্শন শেষে উপাচার্য মহোদয়ের সভাকক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, শিক্ষক সমিতির নব-নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি ও সাংবাদিক নেতৃবৃন্দ সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।